

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা।


স্মারক নং-দুদক/প্রসিঃ/১৪২-২০১৬(বিবিধ)/৩১৯৫৪ (১২৫)

তারিখ-০১/০৮/২০১৬ খ্রিঃ।

বিষয় : দুর্নীতি দমন কমিশনের মামলাসমূহ পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন (সংশোধন) আইন, ২০১৬-এর বিধানাবলীর প্রেক্ষিতে সরকারি সম্পদ সম্পর্কে সংঘটিত না হয়ে থাকলে অথবা সরকারি কর্মচারী/ব্যাকের কর্মকর্তা-কর্মচারী/আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী কর্তৃক দাপ্তরিক দায়িত্ব পালনকালে সংঘটিত না হয়ে থাকলে দণ্ডবিধির 408, 420, 462A, 462B, 466, 467, 468, 479, 471 এবং 477A ধারার মামলা সমূহ (যার মধ্যে দুদক আইনের তফসিলভুক্ত অন্য কোন অপরাধ যুক্ত নয়) এখন আর দুদক আইনের ২৮ ধারা অনুযায়ী স্পেশাল জজ কর্তৃক বিচার্য নয় এবং ২০ ধারা অনুযায়ী দুদক কর্তৃক তদন্তযোগ্য নয়। ফলে, উল্লিখিত প্রকারের বিচারাধীন মামলা সমূহ দুদক আইনের ৩৩(১) ধারার বিধান অনুযায়ী দুদক কর্তৃক পরিচালনযোগ্য নয়।

এমতাবস্থায়, উল্লিখিত প্রকারের মামলাসমূহের বিজ্ঞ পি.পি ও আইনজীবীগণের নিয়োগ এতদ্বারা বাতিল করা হল। সংশ্লিষ্ট সি.ডি/ ব্রিফ(যদি থাকে) সংশ্লিষ্ট আদালতের সরকারি পি.পি/ অতিরিক্ত পি.পি/ এ.পি.পি /এ.এ.জি / ডি.এ.জি গণের নিকট হস্তান্তরের জন্য বিজ্ঞ পিপি/আইনজীবীদেরসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হল।



(মোঃ মঈদুল ইসলাম)

মহাপরিচালক(লিগ্যাল এন্ড প্রসিকিউশন)

দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়, ঢাকা।

বিতরণঃ (অবগতি ও কার্যার্থে)

- (১) বিজ্ঞ এটর্নী জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- (২) বিজ্ঞ জেলা ও দায়রা জজ, ঢাকা।
- (৩) বিজ্ঞ মহানগর দায়রা জজ, ঢাকা।
- (৪) বিজ্ঞ বিভাগীয় স্পেশাল জজ, ঢাকা।
- (৫) বিজ্ঞ স্পেশাল জজ আদালত-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০, ঢাকা।
- (৬) বিজ্ঞ পি.পি/বিজ্ঞ আইনজীবী/সমন্বয়ক দুদক, ঢাকা।
- (৭) পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়,.....
- (৮) উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, (নিযুক্ত সংশ্লিষ্ট দায়রা/স্পেশাল জজ আদালত ও পিপিগণের কাছে বিতরণের জন্য)।
- (৯) জনাব মোঃ সহিদুর রহমান, উপসহকারী পরিচালক, দুদক- জি,আর,ও শাখা, ঢাকা।